



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/২৯

তারিখ : ২০ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০৩ এপ্রিল ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৩৮ তম কমিশন সভা অদ্য ০৩/০৪/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. ভিএফএস থ্রেড ডাইং লিমিটেড (VFS Thread Dyeing Limited) এর প্রতিটি ১০.০০ টাকা অভিহিত মূল্যে ২.২০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২২ (বাইশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে প্লান্ট ও মেশিনারিজ ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৯.৯০ এবং শেয়ার প্রতি আয় ভারিত গড় হারে (Weighted average EPS) ২.০২ টাকা। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে সিটিজেন সিকিউরিটিজ এন্ড ইনভেস্টমেন্ট লিঃ ও ফাস্ট সিকিউরিটি ইসলামী ক্যাপিটাল এন্ড ইনভেস্টমেন্ট লিঃ।
২. প্রাইম ব্যাংক লিঃ (ইস্যুয়ার) এর ৭০০ কোটি টাকার Floating Rate Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Fully Redeemable, Floating Rate, Unsecured, Unlisted, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানীসমূহ, ফান্ডসমূহ, কর্পোরেট বডি এবং যোগ্য বিনিয়োগকারীগণের মধ্যে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে প্রাইম ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। প্রাইম ব্যাংক লিঃ এর উক্ত বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং Mandated Lead Arranger হিসাবে কাজ করছে যথাক্রমে গ্রীণ ডেল্টা ইস্যুরেস কোম্পানী লিঃ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক।


০৩.০৪.২০১৮

মো: আনোয়ারুল ইসলাম

নির্বাহী পরিচালক